

ঢাকা ওয়াসা

- ১। অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনা।
- ২। ক্ষতিগ্রস্ত পাইপের ছবি।
- ৩। কোটেশন প্রদানে ঠিকাদারগণকে চিঠি।
- ৪। ঠিকাদার প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন।
- ৫। ঠিকাদার প্রতিষ্ঠানের ডকুমেন্টস
- ৬। বিস্তারিত হিসাব বিবরণী
- ৭। বিভাগীয় প্রাক্কলন।

বিষয়ঃ পদ্মা পানি শোধনাগার-এর অধীনে “Sub-soil investigation for construction of Box-culvert Shuvadda Khal near rajendrapur Bridge.” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ পানি শোধনাগার। পদ্মা পানি শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিট সার্বক্ষণিক চালু রেখে পানি সরবরাহ নিরবচ্ছিন্ন রাখা হয়। এই প্লান্টে পরিশোধিত পানি প্রায় ৩৩ কিমি দীর্ঘ ও ২০০০ মিমি ব্যাসের পাইপ লাইনের মাধ্যমে ঢাকা শহরে সরবরাহ করা হয়। সম্প্রতি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক কেরানীগঞ্জের রাজেন্দ্রপুর সেতুর নিচে শুভাদ্যা খাল খননের সময় এক্সক্যাভেটরের মাধ্যমে পাইপের সারফেসের বিস্তার ক্ষয়ক্ষতি সাধিত হয় (সংযুক্ত ক্রমিক-২)। বর্তমানে পাইপের অবস্থান খালের তলদেশের চেয়ে ১.৫ মিটার উপরে হওয়ায় পাইপলাইন প্রায় উন্মুক্ত অবস্থায় আছে। এই খালে নিয়মিত ভারী নৌযান চলাচল করে বিধায় খালের পানির লেভেল কমে গেলে যেকোন সময় বড় ধরনের সংঘর্ষের ঝুঁকি রয়েছে। ফলে পাইপের নিরাপত্তার জন্য এর উপরে একটি বক্স কালভার্ট সদৃশ স্থাপনা নির্মাণ করা অত্যাৱশ্যক। সেই লক্ষ্যে চলতি অর্থবছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনায় “Sub-soil investigation for construction of Box-culvert Shuvadda Khal near rajendrapur Bridge.” শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)।

২। পদ্মা পানি শোধনাগার এর ৩৩ কিমি দীর্ঘ ও ২০০০ মিমি ব্যাসের পাইপ লাইনের কেরানীগঞ্জ রাজেন্দ্রপুর সেতুর নিচে শুভাদ্যা খাল অংশে Box-culvert নির্মাণে সয়েল টেস্টসহ নক্সা প্রণয়ন করার জন্য প্রাপ্ত কোটেশন মোতাবেক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০৪,০৫,০৬,০৭ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২,৯৪,১০০.০০ (দুই লক্ষ চুরানব্বই হাজার একশত) টাকা। কাজটি অতীব জরুরি বিধায় পিপিআর ২০২৫ এর বিধি ৯৮ (১/ক) অনুযায়ী সংগৃহীত কোটেশন অনুযায়ী সর্বনিম্ন দরদাতা ঠিকাদার হাইড্রোম্যাক কনস্ট্রাকশন কোং এর সাথে সরাসরি চুক্তি পদ্ধতিতে (Direct Contracting) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনায় (ক্রমিক নং- 289 প্যাকেজ নং APP/25-26/W/64) রাজস্ব বাজেটের Water & sewage treatment plant খাতের বরাদ্দ হতে নির্বাহ করে সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।

৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর মসজিদ, ক্যান্টিন, ইনডোর গেমস ও জিমনেসিয়াম সুবিধা সম্বলিত একটি মাল্টিপারপাস ভবনের সয়েল টেস্টসহ নক্সা প্রণয়ন করার জন্য করার লক্ষ্যে Sub-soil investigation for construction of Box-culvert Shuvadda Khal near rajendrapur Bridge” কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি-৯৮ (১/ক) অনুযায়ী ঠিকাদার হাইড্রোম্যাক কনস্ট্রাকশন কোং এর সাথে সরাসরি চুক্তি পদ্ধতিতে (Direct Contracting) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২,৯৪,১০০.০০ (দুই লক্ষ চুরানব্বই হাজার একশত) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনায় (ক্রমিক নং-289 প্যাকেজ নং APP/25-26/W/64) রাজস্ব বাজেটের Water & sewage treatment plant নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি তত্তাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।


হুজুত





23.05.2026

মোহাম্মদ সোহেল রানা
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা।






23.05.2026

মাসরিব বিন সালাম
নব্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা।

SE, WSTPC

০৪ অনুমোদিত।



মিজা গোলাম কিবরিয়া
তত্তাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

XEN (PWTTP)